

MARKING SCHEME

SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2024

SUBJECT: BENGALI (105)

CLASS- XII

SET: 4

SERIES: &RQPS

QP CODE: 5

সময়: ৩ ঘণ্টা

সর্বমোট অঙ্ক: ৮০

TIME: 3 HOURS

MAXIMUM MARKS: 80

উত্তরপত্র মূল্যায়ন সংক্রান্ত বিশেষ নির্দেশাবলী

1. আপনারা অবগত আছেন যে মূল্যায়ন হলো প্রকৃত ও সঠিক মান নির্ণয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং সঠিক পদ্ধতি। পরীক্ষার্থীর মূল্যায়নের ক্ষেত্রে কোনও সামান্য ত্রুটি গুরুতর সমস্যার সৃষ্টি করতে পারে যা পরীক্ষার্থীদের ভবিষ্যৎ, শিক্ষাব্যবস্থা এবং শিক্ষকতাকে প্রভাবিত করতে পারে। মূল্যায়ন শুরু করার আগে প্রত্যেককে অতি অবশ্যই spot checking সংক্রান্ত নির্দেশিকাগুলি মনোযোগ সহকারে পড়তে এবং বুঝতে অনুরোধ করা হচ্ছে।
2. মূল্যায়ন পদ্ধতি সংক্রান্ত নীতিটি একান্ত গোপনীয় কারণ এটি পরীক্ষা পদ্ধতির গোপনীয়তা, মূল্যায়ন এবং আরো অন্যান্য বিষয়ের সঙ্গে সম্পর্কযুক্ত। যে কোনও প্রকারে জনসাধারণের কাছে প্রসঙ্গপত্র প্রকাশিত হয়ে পড়লে তা পরীক্ষা ব্যবস্থাকে ব্যর্থ করবে। এই সংক্রান্ত নীতি বা তথ্য, কোনও পত্রিকায়/সংবাদপত্রে/ ওয়েবসাইটে প্রকাশিত হলে বোর্ড এবং IPC-এর অধীনে বিবিধ পদক্ষেপ গ্রহণ করা হতে পারে।
3. মূল্যায়ন প্রকল্পে (Marking Scheme) প্রদত্ত নির্দেশাবলী অনুসরণে মূল্যায়ন বাঞ্ছনীয়। এটি কারোর নিজস্ব বিচার-বিশ্লেষণ দ্বারা চালিত হওয়া উচিত নয়। মূল্যায়ন প্রকল্প কঠোর এবং নিয়মনিষ্ঠ ভাবে অনুসরণ করতে হবে। তবে সাম্প্রতিক তথ্য, জ্ঞান বা উদ্ভাবনী ক্ষমতার উপর ভিত্তি করে পরিবেশিত উত্তরগুলি তার যাথার্থ্য অনুসারে মূল্যায়িত হবে এবং এক্ষেত্রে তাতে উপযুক্ত নম্বর দেওয়া হবে। দ্বাদশ শ্রেণিতে দক্ষতা ভিত্তিক প্রশ্নের উত্তর মূল্যায়নের ক্ষেত্রে অনুগ্রহ করে প্রদত্ত উত্তরটি বোঝার চেষ্টা করতে হবে এবং উত্তরটি যদি মূল্যায়ন প্রকল্প অনুসারী নাও হয় তার যাথার্থ্য অনুসারে সেটির উপযুক্ত মূল্যায়ন করতে হবে।
4. উপস্থিত মূল্যায়ন প্রকল্পে (Marking Scheme) উত্তর সমূহের (Value-Point) মানবিন্দুই প্রস্তাবিত হয়েছে মাত্র। এই value-point-গুলিকে পূর্ণাঙ্গ উত্তর হিসেবে নয়- প্রত্যাশিত উত্তরের দিগ্দিশারী (Guidelines) হিসেবেই গণ্য করা যায়। পরীক্ষার্থী নিজের ভাষায় অর্থাৎ নিজের মতো করে উত্তর দিতে পারে এবং সেই উত্তর নিতান্ত ভুল না হলে তাতে যথোচিত নম্বর দিতে হবে।

5. মূল্যায়ন প্রকল্পে প্রদত্ত নির্দেশাবলী অনুযায়ী যথাযথ মূল্যায়ন হয়েছে কি না সেটি সুনিশ্চিত করতে প্রধান পরীক্ষক অবশ্যই প্রথম দিন প্রত্যেক পরীক্ষকের প্রথম পাঁচটি উত্তরপত্র ভালো ভাবে দেখে নেবেন। যদি কোনো মত পার্থক্য থাকে তাহলে আলোচনার মাধ্যমে তা দূরীভূত করে সহমত হতে হবে। প্রত্যেক পরীক্ষকের দ্বারা মূল্যায়িত উত্তরপত্রের মূল্যায়ন পদ্ধতিতে কোনো ভিন্নতা নেই- এই বিষয়টি সুনিশ্চিত করার পরই অবশিষ্ট উত্তরপত্র মূল্যায়ন করতে দেওয়া হবে।
6. পরীক্ষক সঠিক উত্তরে (✓) চিহ্ন দেবেন। ভুল উত্তরে (X) চিহ্ন অঙ্কিত করা হবে। পরীক্ষক উত্তর পত্রে এমন কোনো (✓ / X) চিহ্ন দেবেন না যাতে এই ধারণা হয় যে উত্তরটি সঠিক অথচ তা মূল্যায়িত হয়নি। এই সাধারণ ভুলটি পরীক্ষকরা প্রায়শই করে থাকেন।
7. কোনও প্রশ্ন একাধিক অংশে বিভক্ত থাকলে, প্রতিটি অংশের ডানদিকে সেই অংশের প্রাপ্ত নম্বর লিখতে হবে। তারপর সবক'টি অংশের নম্বর যোগ করে সেই উত্তরটিতে প্রাপ্ত মোট নম্বর বাঁ-দিকের শেষ প্রান্তে লিখে গোল দাগে ঘিরে দিতে হবে। নম্বর উল্লেখের এই নিয়মটি অবশ্য মান্য।
8. যেসব প্রশ্ন অংশ-বিভক্ত নয়, অথও -- সেগুলির প্রাপ্ত নম্বর বাঁ-দিকের প্রান্তে একবারই লিখে গোল দাগে ঘিরে দিতে হবে। নম্বর উল্লেখের এই নিয়মটি অবশ্য মান্য।
9. পরীক্ষার্থী প্রয়োজনের অতিরিক্ত প্রশ্নের উত্তর লিখলে, অপেক্ষাকৃত বেশি নম্বর পেতে পারে তেমন উত্তরটিকে রেখে অপেক্ষাকৃত কম নম্বর প্রাপ্ত উত্তরটির ক্ষেত্রে “অতিরিক্ত উত্তর” (Extra Question) বলে লিখে দিতে হবে।
10. উত্তরে কোনও ভুলের পুনরাবৃত্তি হলে তার জন্য মাত্র একবারই নম্বর কাটা হবে। একই ভুলের জন্য একাধিক বার নম্বর কাটা যাবে না।
11. প্রশ্নপত্রে প্রদত্ত পূর্ণমানের কাঠামোটি ____ (উদাহরণ স্বরূপ : 0-80/70/60/50/40/30) যথাযথভাবে অনুসরণ করতে হবে। উত্তরের যাথার্থ্য অনুসারে পূর্ণমান প্রদান করতে পরীক্ষক দ্বিধাগ্রস্ত হবেন না ।
12. প্রত্যেক পরীক্ষককে অবশ্যই পূর্ণ সময়ের জন্য অর্থাৎ প্রতিদিন আট (৮) ঘন্টা মূল্যায়ন কার্য করতে হবে এবং প্রধান বিষয় হলে ২০টি এবং অন্যান্য বিষয় হলে ২৫টি করে উত্তরপত্র (প্রতিদিন) মূল্যায়ন করতে হবে। (Spot Guidelines বা ক্ষেত্রীয় নির্দেশিকায় এ বিষয়ে বিস্তারিত নির্দেশ থাকবে)।
13. পরীক্ষকের দ্বারা নিম্নলিখিত ত্রুটিগুলি হচ্ছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হতে হবে :
 - প্রদত্ত কোনও উত্তর বা উত্তরের কোনও অংশ মূল্যায়ন না ক'রে ছেড়ে দেওয়া।
 - প্রদত্ত মানের থেকে অতিরিক্ত নম্বর প্রদান।

- প্রাপ্ত নম্বরের যোগে ভুল করা ও সেই ভুল যোগফল জানানো।
 - উত্তরপত্রের ভিতরের পৃষ্ঠাগুলি থেকে সামনের নাম-পত্রে নম্বর তোলায় ভুল করা।
 - নাম-পত্রে ভুল প্রশ্ন অনুযায়ী নম্বর যোগ করা।
 - নাম-পত্রের দুটি পঙ্ক্তি বা স্তম্ভের (columns) নম্বর যোগে ভুল করা।
 - সমগ্র যোগ বা Grand Total-এ ভুল করা।
 - সংখ্যায় ও শব্দে প্রকাশিত নম্বরের অমিল।
 - উত্তরপত্র থেকে অনলাইন (Online award list) নম্বর তোলায় ভুল।
 - উত্তর ঠিক বলে চিহ্নিত হয়েছে, অথচ নম্বর দেওয়া হয়নি-(ভুল ও ঠিক চিহ্নের সঠিক প্রয়োগ সম্পর্কে সতর্ক থাকতে হবে)।
 - উত্তরের অর্ধাংশ বা কোনও অংশ ঠিক এবং বাকি অংশ ভুল হিসেবে চিহ্নিত হওয়ার কারণে কোনও নম্বর প্রদান না করা।
14. উত্তর সম্পূর্ণ ভুল হলে মূল্যায়নের সময় সেই ভুল উত্তরের উপর (X) চিহ্ন অঙ্কিত করতে হবে এবং সেই উত্তরের জন্য যথাস্থানে “0” (Zero) নম্বর চিহ্নিত করতে হবে।
 15. মূল্যায়িত হয়নি এমন কোনও রকম উত্তরের অংশ, নাম-পত্রে নম্বর না তোলা, যোগে ভুল ইত্যাদি কোনও বিষয় যদি পরীক্ষার্থীর নজরে আসে তাহলে তা হবে CBSE Board – এর সঙ্গে যুক্ত সকলের পক্ষেই সম্মানহানিকর। তাই সম্মিলিত সম্মানের স্বার্থেই পরীক্ষককে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে আরও একবার সংশ্লিষ্ট নির্দেশাবলী অনুসরণ করার কথা স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে।
 16. মূল্যায়ন কার্য শুরু করার আগে ক্ষেত্রীয় মূল্যায়ন (Spot Evaluation) সংক্রান্ত নির্দেশিকার সঙ্গে পরীক্ষকদের বিশেষ ভাবে পরিচিত হওয়া প্রয়োজন।
 17. প্রত্যেক পরীক্ষকেরই নিশ্চিত হওয়া উচিত – সব উত্তর মূল্যায়িত হয়েছে, সব নম্বর নাম-পত্রে তোলা হয়েছে, নম্বরগুলির যোগে কোনও ভুল হয়নি এবং সেগুলি শব্দে ও সংখ্যায় নির্ভুলভাবে লেখা হয়েছে।
 18. পরীক্ষার্থীরা আবেদনের দ্বারা নির্ধারিত প্রক্রিয়াকরণ অর্থমূল্য (Processing Fee) প্রদানের মাধ্যমে উত্তরপত্রের প্রতিলিপি পাবার অধিকারী। এই কারণে সমস্ত পরীক্ষক / অতিরিক্ত প্রধান পরীক্ষক / প্রধান পরীক্ষককে পুনরায় অবগত করা হচ্ছে যে তাঁরা যেন উত্তরপত্রের প্রতিটি উত্তর অব্যতিক্রমী রূপে Marking Scheme-এ প্রস্তাবিত Value Point অনুযায়ী মূল্যায়ন করা হয়েছে- সে ব্যাপারে অবশ্য সুনিশ্চিত থাকেন।

MARKING SCHEME

SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION: 2024

SUBJECT: BENGALI (105)

CLASS-XII

SET - 4

SERIES: &RQPS

QP CODE: 5

সময়: ৩ ঘন্টা

সর্বমোট অঙ্ক: ৮০

TIME: 3 HOURS

MAXIMUM MARKS: 80

প্রশ্নপত্র দুটি ভাগে বিভক্ত-	
PART - A -এর বস্তুনিষ্ঠ শ্রেণির প্রশ্ন (MCQ)	: 25 নম্বর
PART - B -এর বর্ণনামূলক প্রশ্ন (Descriptive)	: 55 নম্বর
PART - A -তে তিনটি section বর্তমান	
Section- A : পঠন (অপঠিত গদ্যের বোধ পরীক্ষণ)	: 10 নম্বর
Section - B : ব্যাকরণ	: 05 নম্বর
Section - C : মূল পাঠ্যপুস্তক	: 10 নম্বর
PART - B -তে তিনটি section বর্তমান	
Section - A : ব্যাকরণ	: 10 নম্বর
Section - B : সহায়ক পাঠ / অ-বিস্তারিত পাঠ্য	: 35 নম্বর
Section - C : সৃজনমূলক লিখন	: 10 নম্বর

MARKING SCHEME

SR. SECONDARY SCHOOL CERTIFICATE EXAMINATION : 2024

SUBJECT : BENGALI (105)

CLASS XII

SET - 4

SERIES & RQPS

QP CODE : 5

সময়: ৩ ঘণ্টা

সর্বমোট অঙ্ক: ৮০

TIME : 3 HOURS

MAXIMUM MARKS : 80

PART A : Objective Type Paper (MCQ)

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section A (Reading) (Unseen Comprehension)		
Q.1.	প্রদত্ত দুটি অনুচ্ছেদ থেকে নির্বাচন মূলক প্রশ্ন (MCQ)		
Q.1.A.	I.(d) তার স্বামী অলস বলে II.(c) বিবৃতি (ক) এবং কারণ (খ) দুটোই ঠিক III.(b) নেতাকালীর স্বামী অলস ছিলেন IV.(c)/IV.(d) এগারোটি / বারোটি (গাব-- খাদ্যবস্তু হিসেবে বিবেচনা করে পরীক্ষার্থীরা যদি লেখে তাহলেও 1 নম্বর প্রাপ্য।) V.(b) দুঃ+প্রাপ্য		1x5=5
Q.1.B.	I.(b) হাবু-লাবুর পরিবারের আর্থিক অবস্থা ভালো নয় II.(c) মন্তব্য (ক) এবং (খ) দুটোই ঠিক III.(c) পাঁচ IV.(b) গীতার শুধু মুখটাই দেখা যায়, শরীর নয় V.(b) মেয়েটি ঝলমলে পোশাক পরেছে		1x5=5
Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section B (Grammar)		
Q.2.	বাগধারা / প্রবাদ- নির্বাচন মূলক প্রশ্ন (MCQ) (যে কোনো পাঁচটি)		
Q.2.	I.(b) তীর্থের কাক II.(c) চোখে সর্ষে ফুল দেখা III.(a) আর গৌরচন্দ্রিকা না করে, তোমার আসল মতলবটি বলে ফেলো IV.(d) বড় বেশি চাহিদা যার V.(a) দু নৌকায় পা দেওয়া VI.(c) বাঁধা বন্ধনহীন VII.(a) অফিসে বড় বাবুর মুখে মুখে তর্ক করা জলে বাস করে কুমীরের সাথে বিবাদ করার মতোই VIII.(c) ধনুক ভাঙ্গা পণ		1x5=5

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	Section C (Main Course Book)		
Q.3.	পাঠ্য নাটক থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) (যে কোনো পাঁচটি)		
Q.3.	I.(c) II.(b) III.(d) IV.(b) V.(d) VI.(c)	নাট্যাভিনয় একটি পবিত্র শিল্প যখন মেয়েটি তাকে বিয়ে করতে চাইলো না পুলিশে চাকরি করা মহম্মদ সুজা পিয়ারাবানুকে মহম্মদ	1x5=5

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
	পাঠ্য সহায়ক পাঠ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) (যে কোনো পাঁচটি)		
Q.4.	I.(a) II.(d) III.(b) IV.(b) V.(d) VI.(b)	ডেরাডুন যখন মনমোহন তার খাতায় লেখা সুদ সমেত ছাতির দাম দেখাল কঠিন মাটি উঠতে চায় না ত্রিভঙ্গ রায় জুতো সেলাই মন্তব্য (খ) ঠিক, মন্তব্য (ক) ভুল	1x5=5

PART- B (Descriptive Paper)

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Section- A (Grammar)		
Q.5.	ধ্বনিবিজ্ঞান থেকে যে কোনো একটির দুটি উদাহরণসহ সংজ্ঞাঃ (অথবা যুক্ত প্রশ্ন) অপিনিহিতি অথবা অভিশ্রুতি অথবা স্বরসঙ্গতি - শুধু সংজ্ঞাটি ঠিক ভাবে লিখলে - (3) নম্বর - উদাহরণটি পাশে রেখে উচ্চারণ পরিবর্তনের স্তর নির্দেশের চেষ্টা করলে প্রতিটি উদাহরণের জন্য (1) নম্বর। যেমনঃ <u>অপিনিহিতি</u>- বলিয়া > বইল্যা <u>অভিশ্রুতি</u>- বলিয়া > বইল্যা > বলে <u>স্বরসঙ্গতি</u>- ভিক্ষা > ভিক্ষে (1+1) কিন্তু শুধুমাত্র সংশ্লিষ্ট রীতি প্রভাবিত শব্দটির উল্লেখ করলে প্রতিটির জন্যে- (0.5) নম্বর।	5

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.6.	শব্দার্থতত্ত্বের প্রকারভেদে যেকোনো একটির <u>তিনটি</u> উদাহরণসহ সংজ্ঞাঃ শব্দার্থের <u>অপকর্ষ</u> অথবা <u>শব্দার্থের প্রসারণ</u> - শুধু সংজ্ঞাটিকে ঠিক ভাবে লিখলে (2) নম্বর - শব্দের মূল অর্থ ও পরিবর্তিত অর্থ উল্লেখ করে উদাহরণ দিলে প্রতিটি উদাহরণের জন্য (1) নম্বর। যেমন : <u>শব্দার্থের অপকর্ষ</u> “ঝি” – মূল অর্থ- “কন্যা” পরিবর্তিত অর্থ- “পরিচারিকা” <u>শব্দার্থের প্রসারণ</u> “গাঙ” – মূল অর্থ – “গঙ্গা নদী” পরিবর্তিত অর্থ- ‘যে কোনো নদী’ কিন্তু যে কোনো একটি অর্থ লিখলে প্রতিটির জন্য (0.5) নম্বর।	5

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
	Section-B (Supplementary Reader / Non-detailed Text)	
Q.7.	উত্তর সংকেত : গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) “চালগুলি সে.....খেয়েছিল”- a) কে- উৎসব / উচ্ছব নাইয়া 1 নম্বর কোথা থেকে- বন্যা দুর্গতদের জন্য নির্মিত ত্রাণ শিবির/ লঙ্গরখানা থেকে। 1 নম্বর b) কেন- • মাতলার জলোচ্ছ্বাসে সর্বহারা উচ্ছব/উৎসব। • স্ত্রী, সন্তান ও নিজস্ব পরিচিতি ফিরে পাবার ব্যর্থ আশায় উন্মত্তপ্রায় উচ্ছব/উৎসব। • সম্মিত ফেরার পর ত্রাণ শিবিরের / লঙ্গরখানার খিচুড়ি শেষ----বিতরণ করা হচ্ছে ‘ড্রাইডোল’ / শুকনো চাল---- তাই ক্ষুধার তাড়নায় নিরুপায়, উচ্ছব/উৎসব চাল চিবিয়ে খেতে বাধ্য হয়। (কথাগুলো গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর) <u>অথবা</u> “আমি বেঁচে.....অপরাধের প্রায়শ্চিত্ত কি?” a) কে-- মৃত্যুঞ্জয় 1 নম্বর কোন্ ঘটনা-- অফিস যাবার পথে ফুটপাথে অনাহারক্লিষ্ট মানুষের মৃত্যু দেখে। 1 নম্বর b) কী করেছিল-- • মন্বন্তরক্লিষ্ট মানুষের পাশে না দাঁড়ানোর জন্য তার চরম আত্মগ্লানি ও অপরাধবোধ। • নিজের ও পরিবারের ন্যূনতম স্বাচ্ছন্দ্য ও নিরাপত্তা ত্যাগ করে আদর্শবাদী মৃত্যুঞ্জয়ের সমস্ত টাকা রিলিফ ফাণ্ডে দান। • সামাজিক নৈতিকতাবোধের তাগিদে আবেগপ্রবণ মৃত্যুঞ্জয়ের প্রায়শ্চিত্তের ইচ্ছায় আদি অন্তহীন ফুটপাথে ঘুরে ঘুরে ক্রমশ দুর্ভিক্ষ-পীড়িত মানুষদের সঙ্গে মিশে যাওয়া। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে)	2+3=5

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
Q.8.		উত্তর সংকেত : “সেই বিকৃত মুখে.....উঠল সে”- “মৃত” বুড়ির সৎকারকে কেন্দ্র করে বচসায় লিপ্ত বিভেদকামী দুই সম্প্রদায়ের মানুষের ধর্মীয় গোঁড়ামি, কুসংস্কারাচ্ছন্ন মানসিকতা ও মূঢ়তা দেখে এ যেন তার প্রচ্ছন্ন বিদ্রোহ। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 নম্বর পাবে)	2
Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
Q.9.		উত্তর সংকেত : <u>গদ্য থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত)</u> “টাকাটা কোনো.....আসতে হবে।”- কে--- মৃত্যুঞ্জয় 1 নম্বর কাকে--- নিখিলকে 1 নম্বর কোন টাকা--- মৃত্যুঞ্জয়ের অফিস থেকে প্রাপ্ত মাইনের সমস্ত টাকা 1 নম্বর <u>অথবা</u> “দাঁতগুলো বের করে.....ভঙ্গি করে”- কে--- উচ্ছব / উৎসব 1 নম্বর কেন--- • অশৌচ বাড়ির পরিত্যক্ত ভাতের বড় ডেকচিটা নিতে গেলে বাসিনীর বাধায় ক্ষিপ্ত উচ্ছব/উৎসবের প্রতিক্রিয়া। • ক্ষুধার তীব্র তাড়নায় প্রত্যাশা পূরণে বাধাপ্রাপ্ত মানুষের প্রতিক্রিয়া জৈবিক কারণে কখনও কখনও পাশবিক ও হিংস্র হয়ে ওঠে। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 নম্বর পাবে)	3

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.10.	<u>প্রসঙ্গসহ ব্যাখ্যা (অথবা যুক্ত)</u> <u>মূল্যায়ন নীতি-</u> - উৎস--- সূত্র নির্ভুল থাকলেই 1 নম্বর - প্রসঙ্গ উল্লেখ থাকলেই 1 নম্বর - ব্যাখ্যা এবং উপস্থাপনার মান অনুযায়ী- 1 থেকে 3 নম্বর দেওয়া যাবে। <u>উত্তর সংকেত :</u> “গাছ আনো, বাগানে বসাও”- ‘আমি দেখি’-- শক্তি চট্টোপাধ্যায় 1 নম্বর - নাগরিক জীবনের একঘেয়েমি ও যান্ত্রিকতায় ক্লিষ্ট কবি সবুজের প্রত্যাশী। বৃক্ষরোপণের আহ্বান প্রসঙ্গে এই উক্তি। 1 নম্বর - ব্যাখ্যা-- নগরায়ণের ফলে সবুজের বিনষ্টি-- মানসিক ও শারীরিক সতেজতা ও সুস্থতার জন্য সবুজ স্বাস্থ্যকর দূষণমুক্ত পরিবেশ কাম্য বলেই কবির বিশ্বাস - তাই সবুজের বিস্তার আবশ্যিক। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে) <u>অথবা</u> “আমার বিবেক.....বিস্ফোরণের আগে” ‘ত্রুন্দনরতা জননীর পাশে’--- মৃদুল দাশগুপ্ত 1 নম্বর - অরাজক শাসন ব্যবস্থা ও সামাজিক মূল্যবোধের অবক্ষয়ে কবির প্রতিবাদ প্রসঙ্গে। 1 নম্বর - সমকালীন অশান্ত সময়ের প্রেক্ষাপটে সন্তানহারা বিপন্ন দেশজননীর পাশে দাঁড়াতে চান কবি। অন্যায় অপশাসনের বিরুদ্ধে বাস্তব থেকে মুখ ফিরিয়ে নয়, ক্রোধ আর প্রতিবাদের বারুদ নিয়ে তিনি গর্জে উঠতে চান। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে)	1x5=5

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.11.	কবিতা থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) “কেন ভালোবাসা.....কীসের মূল্যবোধ!”-- a) সামাজিক অবক্ষয় দেখেও জনসাধারণ যখন প্রতিবাদে সরব হয় না। 2 নম্বর b) কোন্ বার্তা- - যে কোনও সামাজিক অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী হতে হবে। - বিবেকবোধ ও কর্তব্যবোধের জাগরণ কাম্য। - সৃষ্টিশীলতা ও শিল্পকর্মের মধ্যেও থাকুক প্রতিবাদ ও সহমর্মিতা। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে) অথবা “জানিলাম এ.....স্বপ্ন নয়!”-- a) জীবনের উপাস্তে পৌছে মোহমুক্ত কবির জগৎ ও জীবন সম্পর্কে সত্য উপলব্ধি। 2 নম্বর b) তাৎপর্য-- - রূপময় পৃথিবীর টানে কবির চেতনার পূর্ণ বিকাশ। - দীর্ঘ অভিজ্ঞতার নিরিখে কঠিন ও কঠোর বাস্তবকে গ্রহণ করা। - স্বপ্ন-কল্পনা নয়-----বরং দুঃখ ও যন্ত্রণাকে স্বীকার করেই জীবনের চরমতম সত্যের উপলব্ধি। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে)	2+3=5

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.12.	আন্তর্জাতিক কবিতা থেকে লাইন তুলে প্রশ্ন (অথবা যুক্ত) “চীনের প্রাচীর.....রাজমিস্ত্রি।” a) চীনের প্রাচীর কোনো মানুষের একক সৃষ্টি নয়-----এর পিছনে রয়েছে বহু নির্মাণশিল্পী / শ্রমজীবী মানুষ / রাজমিস্ত্রিদের অক্লান্ত পরিশ্রম....কিন্তু ইতিহাসে তাদের অবদানের কথা অনুল্লিখিত। 2 নম্বর b) কবির বার্তা--- • সভ্যতার ইতিহাসে রাজাদের কীর্তিই স্থান পায়--- কীর্তির নেপথ্যে থাকা অজস্র শ্রমজীবী মানুষের অবদান স্বীকৃত হয় না। • সভ্যতার অগ্রগতির ইতিহাসের প্রকৃত ধারক ও বাহকরা থেকে যায় উপেক্ষিত / অবহেলিত / অনাদৃত। • ইতিহাসের এই বৈষম্যজনিত অসম্পূর্ণতা বোঝাতে কবির এই বার্তা। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে) অথবা “ভারত জয় করেছিল.....একলাই নাকি?”- a) আলেকজান্ডারের রণকুশলী বিশ্বস্ত সেনাবাহিনী। 1 থেকে 2 নম্বর b) কোন্ বিষয়-- • আলেকজান্ডারের ভারত জয় সম্ভব হয়েছিল যে সকল সৈনিকের আত্মবলিদানে, তাদের কথা কেউ জানে না। • ইতিহাস শুধু ক্ষমতাবানদের শ্রেষ্ঠত্বকেই গুরুত্ব দেয়, বিজয়ের নেপথ্যে থাকা সাধারণ মানুষ রয়ে যায় চির উপেক্ষিত। • ইতিহাসের পক্ষপাত ও বৈষম্যের প্রতি পাঠকের দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছেন কবি। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে)	2+3=5

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.13.	নাটক থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত প্রশ্ন) “সাক্ষাৎ!.....দাঁড়িয়ে আছে হে !”- a) কে-- রজনীবাবু / রজনী চাটুজে / রজনীকান্ত চট্টোপাধ্যায় (যে কোনো একটা লিখলেই 1 নম্বর) কাকে-- কালীনাথকে 1 নম্বর b) কেন-- • ৬৮ বছর বয়সে পৌঁছেও অতীতের অভিনীত নাটকের সমস্ত সংলাপ রজনীবাবু এখনও অনায়াসে বলে যেতে পারেন। • প্রতিভা কখনও নিঃশেষিত হয় না। • সময়ের ঘেরাটোপেও বাঁধা যায় না শিল্পীসত্তাকে। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে) অথবা “তুমি তাঁদের.....একটা নকলনবীশ”- a) কে-- রজনীবাবু / রজনী চাটুজে / রজনীকান্ত চট্টোপাধ্যায় (যে কোনো একটা লিখলেই 1 নম্বর) কাকে-- কালীনাথকে 1 নম্বর b) কেন-- • রজনীকান্ত প্রেমিকা/মেয়েটির কাছ থেকে প্রত্যাখ্যাত হয়েছিলেন কেবলমাত্র থিয়েটার করেন বলে। • দর্শকদের প্রতি বিরূপতায় তাঁর উপলব্ধি-- অভিনেতার কোনো সামাজিক স্বীকৃতি নেই। • অভিনয়ের সঙ্গে ব্যক্তিগত জীবনের দ্বন্দ্বজনিত হতাশা, অভিমান ও ক্ষোভের অভিব্যক্তির প্রকাশ। (নিজের ভাষায় গুছিয়ে লিখতে পারলেই 2 থেকে 3 নম্বর পাবে)	2+3=5

Q.No.	Expected Answers / Value Points	Distribution of Marks
Q.14.	“আমার বাংলা” থেকে উদ্ধৃতি তুলে প্রশ্ন (অথবা যুক্ত) “এক ফোঁটা জলের.....সারাদিন” a) কারা-- কয়লা খনির মজুর ও কামিনরা । (শুধু মাত্র মজুর ও কামিনরা লিখলেও পুরো 1 নম্বর পাবে।) কখন-- রাতের পালি শেষ করে মাটির নিচে জ্বলন্ত অগ্নিকুণ্ড থেকে উঠে আসার পর। (এই মর্মে উত্তর লিখলেই পুরো 1 নম্বর পাবে।) b) বর্ণনা – - উপরের ধাওড়ায় হাজার খানেকের বেশি লোকের জন্য কেবল মাত্র দুটো জলের কল। - মাত্র সাড়ে তিন ঘণ্টা জল থাকে- পাঁচশো কলসির লাইন। - এক ফোঁটা জলের জন্য রক্তারক্তি পর্যন্ত হয়ে যায়। (বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলেই পুরো 3 নম্বর পাবে) <u>অথবা</u> “খিটখিটে বুড়িরা.....থাকে।”- a) কাদের ও কীভাবে-- - জমিদারের পাইক-বরকন্দাজদের । - গাঁয়ের আলবাঁধা রাস্তায় লোহার খুর লাগানো নাগরা পরে বাঁশের মোটা লাঠি নিয়ে আসতে দেখে। 2 নম্বর b) কারণ-- - নারী পুরুষ নির্বিশেষে কঠোর পরিশ্রমের দ্বারা উৎপাদিত ফসলের সবটা কৃষকের ঘরে থাকে না। - জমিদারের লোক পাওনা হিসাবে ফসলের অধিকাংশই দখল করে নেয়। - জমিদারকে টঙ্ক/টাকা দিতে গিয়ে চাষিরা সর্বস্বান্ত হয়। (বই-এর বর্ণনা অনুযায়ী তথ্যগুলি ঠিক মতো লিখতে পারলেই পুরো 3 নম্বর পাবে)	2+3=5

Section- C (Creative Writing)

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
Q.15.		<u>প্রতিবেদন পড়ে প্রশ্নোত্তর (দুটি প্রশ্ন)</u> • <u>শিরোনাম</u> - প্রতিবেদনের মূল বিষয়টি কয়েকটি শব্দের মধ্যে উল্লেখ করতে পারলে (2) নম্বর দেওয়া যেতে পারে। a) <u>সম্ভাব্য শিরোনাম</u>- সিকিমে তুষারধস/তুষারধসে সিকিমের ক্ষয়ক্ষতি। b) তিনটি সম্পূর্ণ বাক্যে (শব্দ সংখ্যা সীমিত নয়) অনুচ্ছেদটির মূল কথাগুলি লিখতে হবে। 3 নম্বর	2+3

Q.No.	Expected Answers / Value Points		Distribution of Marks
Q.16.		<u>বিজ্ঞাপন রচনা</u> - উত্তর সংকেত : প্রশ্নানুগ শিরোনাম ও বক্স নির্মাণ (<u>আবশ্যিক</u>) 2 নম্বর • প্রদত্ত বিষয়ের উপর আলোকপাত • বিষয়ানুসারী স্থান, সময়, তারিখ ও যোগাযোগের নম্বর উল্লেখ • প্রয়োজনে চিত্রের ব্যবহার করা যেতে পারে, তবে তা আবশ্যিক নয়। 3 নম্বর	2+3